# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৭৩

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ কিয়ামতের দিন মহান আল্লাহ সেসব ব্যক্তিদের তাঁর ছায়া প্রদান করবেন, যারা তাঁর জন্য পরস্পরকে ভালবাসে, মহান আল্লাহ স্বীয় দয়া ও অনুগ্রহে আমাদেরকে তাঁদের অন্তর্ভূক্ত করুন!

ذِكْرُ ظِلَالِ اللَّهِ جَلَّ وَعَلَا الْمُتَحَابِّينَ فِيهِ فِي ظِلِّهِ يَوْمَ الْقِيَامَةِ جَعَلَنَا اللَّهُ مِنْهُمْ بِمَنِّه وفضله

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: حَدَّثَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ مَعْمَرٍ عَنْ أَبِي الْحُبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (يَقُولُ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى: أَيْنَ الْمُتَحَابُّونَ بِجَلَالِي؟ الْيَوْمَ أُظلهم فِي ظِلِّي يَوْمَ لَا ظل إلا ظلي.)

الراوي : أَبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 573 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৭৩. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “আল্লাহ তাবারাকা ওয়া তা‘আলা (কিয়ামতের দিন) বলবেন, “কোথায় সেসব লোক, যারা আমার সম্মানে পরস্পরকে ভালবেসেছে? আজ আমি তাঁদেরকে আমার ছায়ায় ছায়া প্রদান করবো। আজকে আমার ছায়া ব্যতীত আর কোন ছায়া নেই।”[1]

ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৬২; মুয়াত্তিইমাম মালিক: ২/৯৫২; মুসনাদ আহমাদ: ২/২৩৭; সহীহ মুসলিম: ২৫৬৬; আত তায়ালিসী: ২৩৩৫; তাবারানী, আল কাবীর: ২০/১৪৪।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা

নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ৪/৭৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89040

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন